# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩২৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

اَلْفصْلُ الثَّالِثُ (بَاب الرِّيَاء والسمعة)

---

আরবী

عَن أبي تَمِيمَة قَالَ: شَهِدْتُ صَفْوَانَ وَأَصْحَابَهُ وَجُنْدَبٌ يُوصِيهِمْ فَقَالُوا: هَلْ سَمِعْتُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَيْئًا؟ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَنْ سَمَّعَ إِنَّ أَوَّلَ مَا يُنْتِنُ مِنَ الْإِنْسَانِ بَطْنُهُ فَمن اسْتَطَاعَ أَن لَا يَأْكُل إِلا طيبا فَلْيَفْعَلْ وَمَنِ اسْتَطَاعَ أَنْ لَا يَحُولَ بَيْنَهُ وَبَيْنَ الْجَنَّةِ مِلْءُ كَفٍّ مِنْ دَمٍ أَهَرَاقَهُ فَلْيفْعَل. رَوَاهُ الْبُخَارِيّ

رواه البخارى (7152) ـ
(صَحِيح)

বাংলা

৫৩২৭-[১৪] আবূ তামীমাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি সফওয়ান ও তাঁর সঙ্গীদের নিকট উপস্থিত হই, তখন জুনদুব (রাঃ) তাদেরকে কিছু উপদেশ দিলেন। তখন তারা জিজ্ঞেস করলেন, আপনি কি রাসূলুল্লাহ (সা.) হতে বিশেষ কিছু শুনেছেন? তিনি বললেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, যে লোক নিজের ’আমলের কথা লোকদেরকে শুনায়, আল্লাহ তা’আলা কিয়ামতের দিন (লোক সম্মুখে) তাকে লাঞ্ছিত করবেন, আর যে ব্যক্তি কষ্টের পথ অবলম্বন করে আল্লাহ তা’আলা তাকে কিয়ামতের দিন কষ্টে পতিত করবেন। তারা বললেন, আপনি আমাদেরকে আরো কিছু উপদেশ দিন। তিনি বললেন, সর্বপ্রথম মানুষের যে বস্তু নষ্ট হয় তা হলো তা পেট। অতএব যথাসম্ভব সে যেন শুধু হালাল খায় এবং এর উপরই অটল থাকে। আর যার সামর্থ্য হয় যে, তার ও জান্নাতের মধ্যে এক চুল্লু প্রবাহিত রক্ত আড়াল না করুক, তবে সে যেন তাই করে। (বুখারী)

ফুটনোট

সহীহঃ বুখারী ৭১৫২, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ২৪৪৪, শুআবূল ঈমান ৫০১২, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৬৩৯, আল মু'জামুল আওসাত্ব ৮৪৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা : অত্র হাদীসের আলোচনায় বলা হয়েছে যে, (مَنْ شَاقَّ شَقَّ اللّٰهُ عَلَيْهِ يَوْمَ الْقِيَا مَةِ) যে ব্যক্তি কঠোরতা আরোপ করবে তথা সে নিজের সাধ্যের বাইরে কষ্ট করে অধিক ‘আমলের চেষ্টা করবে অথবা অন্যকে তার সাধ্যের বাইরে বোঝা চাপিয়ে দিবে আল্লাহ তা'আলাও কিয়ামত দিবসে তার ওপর কঠোরতা আরোপ করবেন।
(قَالُوا: أَوْصِنَا) সাহাবীগণ বললেন, হে আল্লাহর রসূল! আমাদেরকে উপদেশ দিন। অথবা সনদে উল্লেখিত সফওয়ান এবং তার সঙ্গীগণ জুনদুব (রাঃ)-কে বলেছিলেন, আমাদেরকে আরো উপদেশ দিন।
(فَقَالَ: إِنَّ أَوَّلَ مَا يُنْتِنُ مِنَ الْإِنْسَانِ بَطْنُهُ) অতঃপর তিনি বললেন, দুনিয়াতে সর্বপ্রথম মানুষের শরীরের যে অঙ্গটি নষ্ট হবে বা দুর্গন্ধ ছড়াবে তা হলো মানুষের পেট। কেননা তা নষ্টের স্থান। অথবা, মৃত্যুর পর কবরে সর্বপ্রথম পেট ফেটে দুর্গন্ধ ছড়াবে।
(فَمن اسْتَطَاعَ أَن لَا يأْكُل إِلا طيبا)যে ব্যক্তি পবিত্র খাদ্যদ্রব্য তথা হালাল খেতে সক্ষম সে যেন তাই করে অর্থাৎ সাধ্যানুযায়ী হালাল খায়। মনের খাহেশ মিটানোর জন্য অবৈধভাবে বেশি উপার্জন না করে বৈধ পন্থায় হালাল খাদ্য কম খাওয়ার চেষ্টা করে।
(وَمَنِ اسْتَطَاعَ أَنْ لَا يَحُولَ بَيْنَهُ وَبَيْنَ الْجَنَّةِ)আর যে ব্যক্তি প্রথম পর্যায়ে জান্নাতে প্রবেশকারী সফল বান্দাদের অন্তর্ভুক্ত হওয়ার প্রতিবন্ধকতা থেকে নিজেকে রক্ষা করতে সক্ষম, সে যেন এক মুঠো রক্ত প্রবাহিত করে জান্নাত থেকে নিজেকে দূরে সরিয়ে না দেয়। অর্থাৎ সাধ্যানুযায়ী সামান্য পরিমাণ অবৈধ কাজে জড়িত না হয়। যদি একমুঠো রক্ত প্রবাহিত করার কারণে জান্নাত থেকে বঞ্চিত হয় তাহলে যে বেশি পরিমাণে করবে তার কি অবস্থা হবে? (মিরক্বাতুল মাফাতীহ, ফাতহুল বারী ১৩/৭১৫২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ তামীমাহ্ (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85306

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন